

প্রেস রিলিজ

ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পের অগ্রগতির বিষয়ে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের প্রকল্প এলাকা পরিদর্শন

গত ২৩ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. রোজ শনিবার ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পের অগ্রগতি সরেজমিনে দেখার জন্য সংস্থার চেয়ারম্যান মহোদয় জনাব মোঃ সাইদুর রহমান, চেয়ারম্যান (গ্রেড-১), বিসিআইসি প্রকল্প এলাকা পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনকালে সংস্থার পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন) জনাব ড. মো: জাকির হোসেন আখন্দ সহ বিসিআইসি'র বিভিন্ন বিভাগের উর্ধ্বতন মহাব্যবস্থাপক উপস্থিত ছিলেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাস্তবায়নাধীন ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পের উদ্বোধনের বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সংস্থার চেয়ারম্যান মহোদয় উপস্থিত উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ প্রকল্পের ইউরিয়া প্লান্ট, এ্যামোনিয়া প্লান্ট, ইউটিলিটি, সেন্ট্রাল কন্ট্রোল রুম, বান্ধ গোড়াউন, ব্যাগিং প্লান্ট, বার্জ-লোডিং কনভেয়ার বেল্ট, Granulation Plant সহ প্রকল্পের জেটি ঘাট পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জনাব মোঃ রাজিউর রহমান মল্লিক উপস্থিত থেকে প্রকল্পের বিভিন্ন প্লান্টের সর্বশেষ অগ্রগতি চেয়ারম্যান মহোদয়সহ সবাইকে অবগত করেন। প্রকল্পের বিভিন্ন প্লান্ট পরিদর্শন শেষে চেয়ারম্যান মহোদয় প্রকল্পের সাধারণ ঠিকাদার MHI ও CC-7 সহ প্রকল্পের সিনিয়র কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। উক্ত সভায় সভাপতিত্ব করেন প্রকল্প পরিচালক জনাব মোঃ রাজিউর রহমান মল্লিক। মতবিনিময় সভায় সভার প্রধান অতিথি সংস্থার চেয়ারম্যান মহোদয় উপস্থিত কর্মকর্তাবৃন্দ সহ প্রকল্পের সাধারণ ঠিকাদার-কে নির্দেশনা প্রদান করেন যে, শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিসিআইসি কর্তৃক বাস্তবায়নাধীন 'ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প'- শীর্ষক প্রকল্পটি অক্টোবর মাসের ৪র্থ সপ্তাহে বা পরবর্তী যে কোন সুবিধাজনক সময়ে মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধনে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। তাই মাননীয় প্রধানমন্ত্রী'র উদ্বোধনের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে আমাদের-কে সম্পূর্ণরূপে প্রস্তুত থাকতে হবে। সভায় বর্তমান সময় পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতিতে তিনি সন্তুষ্টি প্রকাশ করেন এবং প্রকল্পের সর্বস্তরের কর্মকর্তাসহ প্রকল্প পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন।







